

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে অনুষ্ঠিত ১ম সভার
কার্যবিবরণী:

সভাপতি	: জনাব জালাল উদ্দিন আহমেদ, যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
সভার তারিখ	: ১৬ জুলাই ২০২৩
সময়	: সকাল ১২:০০ টা
স্থান	: রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৯৩০)

সভায় রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরের এর কর্মকর্তাদের নিয়ে গঠিত কমিটির
সদস্যগণ উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিষিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। সভার প্রারম্ভিক আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি রেলপথ মন্ত্রণালয়, আওতাধীন
বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে
সকলের মনোযোগ আকর্ষণ করেন। প্রতিবেদনটি সহজবোধ্য, আকর্ষণীয়, সমৃদ্ধ, তথ্যবহুল ও মানসম্মত হতে হবে মর্মে তিনি অভিমত
ব্যক্ত করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য তিনি উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ জানান।

২.১। উপসচিব (প্রশাসন-২) সভায় জানান, রেলপথ মন্ত্রণালয় হতে প্রতি বছরই মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক
কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতপূর্বক বই আকারে প্রকাশ করা হয়। তিনি সভাকে অবহিত করেন, রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-
২৪ অর্থবছরের তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত কর্ম-পরিকল্পনার ১.৩ মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক
প্রতিবেদন প্রস্তুতপূর্বক ১৫.১০.২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। এ অবস্থায়, রেলপথ
মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে অদ্যকার সভা
আয়োজন করা হয়েছে। তিনি আকর্ষণীয়, সহজপাঠ্য ও তথ্যবহুল প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত উপস্থিত সকলকে মতামত প্রদানের
আহবান জানান এবং বলেন পুলিশ সুপার/ঢাকা, রেলওয়ে পুলিশ-কে কমিটিতে কো-অপ্ট করার প্রস্তাব করেন।

২.২। এ পর্যায়ে সভাপতি বলেন, বার্ষিক প্রতিবেদনের রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশে মাননীয় মন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটি
সভাপতি ও সচিব মহোদয়ের বাণী, ভূমিকা, মিশন ও ভিশন, জনবল সংক্রান্ত সাংগঠনিক কাঠামো, ডিজিটাল রেলসেবা এবং
উল্লেখযোগ্য অর্জন/ঘটনাবলী সম্বলিত হালনাগাদ তথ্যাদি থাকতে হবে। তিনি বাংলাদেশ রেলওয়ে সংশ্লিষ্ট অংশে রেলওয়ের মিশন ও
ভিশন, সংক্ষিপ্ত পরিচিতি, ইতিহাস, সাংগঠনিক কাঠামো, বর্তমান অবস্থা, ২০২২-২৩ অর্থবছরের বাজেট বিবরণ ও বাস্তবায়ন,
সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত পদক্ষেপ, রেলওয়ের সক্ষমতা, রেলওয়ে মাস্টারপ্ল্যান, ২০২২-২৩
অর্থবছরের প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সমাপ্ত প্রকল্পের তথ্যাদি, নতুন প্রকল্পের তথ্যাদি, রেল যাত্রীদের সেবা ও সুরক্ষা এবং
রেলওয়ের সম্পদ রক্ষার্থে রেলওয়ে পুলিশ ও রেলওয়ে নিরাপত্তা বাহিনীর ভূমিকা, রেলওয়ের স্বাস্থ্য সেবা, রেলওয়ে কল্যাণ ট্রাস্ট,
রেলওয়ে স্কুল, ডিজিটাল রেলসেবা, রেলওয়ের গুরুত্বপূর্ণ স্থাপনা, আন্তঃদেশীয় যোগাযোগ ব্যবস্থা, কটেইনার কোম্পানী ইত্যাদি
সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তুত করণসহ রেলপথ পরিদর্শন অধিদপ্তরের হালনাগাদ তথ্যাদি প্রণয়ন ও
সমিবেশনের উপর গুরুত্বারোপ করেন। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনাটে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনটি সহজবোধ্য, আকর্ষণীয়, সমৃদ্ধ ও তথ্যবহুল করণের নিমিত্ত পুলিশ সুপার/ঢাকা, রেলওয়ে পুলিশ কমিটিতে কো-অপ্ট করার বিষয়ে আলোচনা হয়।	রেলওয়ে পুলিশের নিম্নোক্ত কর্মকর্তাকে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিবেন পুলিশ সুপার/ঢাকা, রেলওয়ে পুলিশ কে কো-অপ্ট করা হলো।	<ol style="list-style-type: none"> অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ; উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।
২	রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরের তথ্যাদি আগামী ১০/০৮/২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও সমন্বয় করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/ সংস্থাৰ তথ্যাদি ১০/৮/২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও সমন্বয় করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	<ol style="list-style-type: none"> মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়; সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর; উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়। পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৩	রেলপথ মন্ত্রণালয় কর্তৃক ডিজিটাল রেলসেবা সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা হয়।	রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/ সংস্থা কর্তৃক ডিজিটাল রেলসেবা বিষয়ে ICT Cell কর্তৃক একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	<ol style="list-style-type: none"> মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(জালাল উদ্দিন আহমেদ)

যুগ্মসচিব (প্রশাসন)

ও

আহবায়ক
বার্ষিক প্রতিবেদন প্রস্তুত কমিটি
রেলপথ মন্ত্রণালয়।